



প্রকৌশল দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম

নিলাম বিজ্ঞপ্তি (পুনঃ)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-৩ (সমাজ বিজ্ঞান অনুষদ ভবন) এর পূর্ব পার্শ্বে অবস্থিত সাবেক কেন্দ্রীয় সিমেন্ট গুদামের উত্তর পশ্চিম ভবনটি (রাস্তার পার্শ্বে) বর্তমানে যে অবস্থায় আছে তা নিজস্ব উদ্যোগে ভেঙ্গে পরিত্যক্ত সমুদয় নির্মাণ সামগ্রী নিজ খরচে ক্যাম্পাসের বাইরে নিতে হবে শর্তে নিলামে বিক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা হচ্ছে। আগ্রহী দরপত্র দাতাগণ আগামী ১২/০৭/২০১৭ইং তারিখ থেকে ১৯/০৭/২০১৭ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে প্রকৌশল দপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলীর সাথে যোগাযোগ করে ভবনটি পরিদর্শন করতে পারবেন এবং নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে প্রয়োজনীয় রশিদ সংগ্রহ পূর্বক অগ্রণী ব্যাংক লিঃ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখায় দরপত্র দলিলের মূল্য বাবদ ৳ ৩০০/- (তিনশত) টাকা (অফেরৎযোগ্য) জমা করে আগামী ১২/০৭/২০১৭ইং তারিখ থেকে ১৯/০৭/২০১৭ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে দরপত্র দলিল ক্রয় করতে পারবেন। আগামী ২০/০৭/২০১৭ইং তারিখ দুপুর ১২-০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে হবে এবং ঐদিন বেলা ১২-৩০ঘটিকার সময় উপস্থিত থাকতে ইচ্ছুক দরপত্র প্রদানকারী অথবা তাদের প্রতিনিধির সামনে দরপত্র খোলা হবে। উল্লেখ্য, উদ্ধৃত মূল্যের উপর বায়নার অর্থ হিসেবে ২.৫% হারে যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে (যা ফেরৎযোগ্য) এবং দরপত্রে অংশগ্রহণকারীদের মধ্যে যাঁদের দরপত্রে সর্বোচ্চ মূল্য পাওয়া যাবে তাঁদের দরপত্র অগ্রাধিকার ভিত্তিতে বিবেচিত হবে। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আংশিক বা সম্পূর্ণ দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ আবু সাঈদ হোসেন)

প্রধান প্রকৌশলী

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম।